মেহেরপুরে জাতীয় যুব জোটের ইফতার মাহফিল

মেহেরপুর সদর উপজেলার নবগঠিত বারাদীতে জাতীয় যুব জোটের উদ্যোগে ইফতার মাহফিলের আয়োজন করা হয়েছে।

বৃহস্পতিবার নবগঠিত বারাদী ইউনিয়নে জাসদ অফিসে দলীয় নেতাকর্মীদের সাথে নিয়ে ইফতার এর আয়োজন করেন জেলা জাতীয় যুব জোট মেহেরপুর জেলা শাখার সভাপতি ও নবগঠিত বারাদী ইউনিয়নের জাসদ মনোনীত চেয়ারম্যান পদপ্রার্থী নুরু- উছ-সাফা প্লাবন।

এসময় যুব জোটের জেলার বিভিন্ন ইউনিটের নেতৃবৃন্দরা উপস্থিত ছিলেন।

দর্শনায় ৩য় শ্রেণির ছাত্রীকে ধর্ষণের অভিযোগে মাদরাসা পরিচালক আটক

দর্শনায় মাসুমা জান্নাত মহিলা মাদরাসা এতিম খানা ও বিল্লাহ বেডিং এর তৃতীয় শ্রেণির এক ছাত্রীকে ধর্ষণের অভিযোগে মাদ্রাসার পরিচালক মুফতি গোলাম কিবরিয়া (৫৫) কে আটক করেছে পুলিশ।

ধর্ষণের শিকার ছাত্রীর ডাক্তারী পরীক্ষা ও বিজ্ঞ আদালতের বিচারকের নিকট জবানবন্দি পেশ করেছে। ঘটনাটি ঘটেছে বৃহস্পতিবার সকাল ১০টার দিকে। এদিকে অভিযুক্ত মাদরাসার পরিচালক গ্রেফতারকৃত গোলাম কিবরিয়ার দৃষ্টন্তমূলোক শাস্তি ও মাদরাসার সকল কার্যক্রম বন্ধের দাবি জানিয়েছে এলাকাবাসি।

জানাগেছে, দর্শনা পৌর এলাকার হল্টস্টেশন তেতুল তলায় ২০১৬ সালে প্রতিষ্ঠিত হয় মাসুমা জান্নাত মহিলা মাদরাসা এতিম খানা ও বিল্লাহ বেডিং। এর পরিচালকের দায়িত্ব পালন করছেন বিতর্কীত এবং আলোচিত

মুফতি গোলাম কিবরিয়া, স্ত্রী, জামাতা ও মেয়ে।

অভিযোগে জানা যায়, ওই মাদরাসার তৃতীয় শ্রেণীর একছাত্রীকে সপ্তাহ খানিক আগে ধর্ষণ করেন পরিচালক গোলাম কিবরিয়া। ঘটনা জানাজানি হলে বৃহস্পতিবার সকাল ১০টার দিকে এলাকাবাসি পরিচালককে আটক করে। পরে দর্শনা থানা পুলিশের হাতে তুলে দেন।

দর্শনা থানা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) এএইচএম লুৎফুল কবীর বলেন, সকালে ভুক্তভূগী ওই ছাত্রীর বাবা মৌখিকভাবে অভিযোগ করে। এরপরই আমরা অভিযান চালিয়ে মাদরাসার পরিচালক মুফতি গোলাম কিবরিয়াকে আটক করেছি। এ ঘটনায় ওই ছাত্রীর বাবা বাদী হয়ে দর্শনা থানায় মামলা দায়ের করেছেন।

মামলার তদন্তকারী অফিসার এসআই আহম্মেদ বিশ্বাস বলেন, মেয়ের পিতা বাদি হয়ে মামলা দায়ের করেছেন। যার মামলা নং-৬। তারিখ ০৭/০৪/২২। নিপীড়িত শিক্ষার্থীর ডাক্তারী পরীক্ষা এবং বিজ্ঞ আদালতের সিনিয়র জুডিশিয়াল ম্যাজিষ্ট্রিটের বিচারক ধর্ষণের শিকার ছাত্রীর জবান বন্দি রেকর্ড করানো হয়েছে। সেই সাথে ৫ দিনের রিমাণ্ডের আবেদন করা হয়েছে। এদিকে মাদ্রাসার সকল শিক্ষার্থী ও শিক্ষক এবং শিক্ষিকা মাদ্রাসা ত্যাগ করেছে। সন্ধ্যায় বিক্ষিপ্ত জনতা মাদ্রাসার সাইনবোর্ড ভাংচুর করেছে।

দর্শনা থানার অফিসার ইনচার্জ এ,এইচ,এম লুৎফুল কবীর জানান, আমাদের সকল কার্যক্রম স¤পন্ন করে আসামীকে আদালতে সোপর্দ করেছি। উল্লেখ, মুফতি গোলাম কিবরিয়া কুষ্টিয়া জেলার ভেড়ামারা উপজেলার কুচিয়ামোড় গ্রামের মৃত নজির হোসেনের ছেলে।

দর্শনা জামে মসজিদের ঈমাম থাকা অবস্থায় তিনি নানা বিতর্কের জন্ম দেন। যার কারণে ২০১৬ সালে চাকারী চ্যুত হয়ে মাদরাসা খুলে লেবাসের আড়ালে ধর্ম ব্যবসা শুরু করেন।

এ মাদরাসায় ২০২০ সালের ৪ নভেম্বর কুন্দিপুর গ্রামের দুলালের মেয়ে আফসানা খাতুন দোলা (০৯) মৃত্যু বরণ করে। যার প্রকৃত ঘটনা আজও রহস্যবৃত্ত। ঘটনার পর থেকে অভিযুক্ত গোলাম কিবরিয়ার দৃষ্টন্তমূলক শাস্তির দাবি ও মাদরাসার সকল কার্যক্রম বন্ধর দাবি জানিয়েছে এলাকাবাসি।

দামুড়হুদায় মিথ্যা সংবাদ প্রকাশের প্রতিবাদে সংবাদ সম্মেলন

দামুড়হুদায় মিথ্যা সংবাদ প্রকাশের প্রতিবাদে সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার দামুড়হুদা প্রেসক্লাবে সংবাদ সন্মেলনে লিখি বক্তব্য পাঠ করেন দামুড়হুদা উপজেলা সাব-রেজিস্ট্রার এম নাফিয বিন যামান।

লিখিত বক্তব্য তিনি বলেন, আমি যোগদানের পর থেকে দলিল লেখক সমিতির সভাপতি সিরাজুল ইসলাম ও সাধারণ সম্পাদক রেজাউল করিম বিভিন্ন সময়ে অবৈধ কাগজ পত্র দিয়ে দলিল করিয়ে দেবার জন্য চাপ দেন।

সম্প্রতি সময়ে সমিতির দলিল লেখক রাজিবুল ইসলাম বকুল জাল কাগজ দিয়ে দলিল সম্পন্ন করতে গেলে তা আমার নজরে পড়েন। এ অপরাধে রাজিবুল ইসলাম বকুল কারাভোগ করেছেন।

এ ঘটনায় তার অপরাধের বিরুদ্ধে কোন ব্যবস্থা না নেওয়ার জন্যও সেসময়ে সমিতির সভাপতি সিরাজুল ইসলাম ও সাধারণ সম্পাদক রেজাউল করিম অনেক চাপ ও দুর্বব্যবহার করেন।

উল্লেখিত ঘটনার তাদের অন্যায় মতামতের সাথে একমত না হওয়ায় তারা সাব-রেজিস্ট্রার অফিস ও আমাকে অপদস্ত করতে এ চক্রান্ত করেন। দলিল লেখক সমিতির সভাপতি সিরাজুল ইসলাম পূর্বেও জাল কাগজ প্রত্র দিয়ে দলিল দাখিলের জন্য পূর্ববর্তী সাব-রেজিস্ট্রার অফিসারের দ্বারা সাসপেন্ডও হন।

সমিতির নামে দীর্ঘদিন যাবত এ সংক্রান্ত অপকর্মের সাথে যুক্ত। এরই জেরে মিথ্যা সংবাদ প্রকাশ করেন। এসময় সংবাদ সম্মেলনে তিনি আরো বলেন, জাতীয় পরিচয় পত্রের ফটোকপির জন্য অর্থ আদায় করা হয় যা মিথ্যা,কারো মূল আইডি সাথে না আনলে নির্বাচন অফিস থেকে যাচাইয়ের মাধ্যমে পরিচয় নিশ্চিত করা হয়,কোন অর্থ বিনিময় এখানে হয়না।

এছাড়াও দলিল প্রতি ফিসের কথা বলা হয়েছে যা অমূলক, মুলতঃ বিভিন্ন দলিলে সরকারি ফিস পে-অর্ডার এবং কিছু ফিস নগদে আদায় হয় যাকে ভূল তথ্য দিয়ে প্রকাশ করা হয়।

এছাড়া সাব-রেজিস্ট্রারের ক্ষমতা নিয়ে মিথ্যা বক্তব্য দিয়েছেন। অফিসের নথিপত্র থেকে জানা যাবে বিগত কয়েক মাস যাবত দলিল হয়েছে তা সিংহভাগই দুপুর ২ টার আগে করা হয়েছে।

দলিল লেখক সিন্ডিকেটের মাধ্যমে অতিরিক্ত অর্থ আদায়ের বিষয়টি মিথ্যা ও বানোয়াট। মুলতঃদলিল লেখক সমিতির নামে প্রতি লাখে অতিরিক্ত অর্থ আদায় হয়, এছাড়াও অফিসের নামেও তারা জনগণের কাছে অতিরিক্ত অর্থ আদায় করে থাকেন।

বাস্তবে কোবালা দলিলে লাখে খরচ ৬৫০০ এবং পৌরসভায় ৭৫০০ টাকা এবং দলিল লেখকের সন্মানী বা লেখনির খরচ দলিলের পাতা প্রতি ৪০ টাকা, সে অনুযায়ী প্রতি দলিলে ৪০০ থেকে ১০০০ টাকার বেশি ফি হওয়ার সুযোগ নেই।

মুলত এ সংক্রান্ত বিষয়ে সমিতিকে জানালেই তারা ক্ষিপ্ত হয়ে ওঠে এবং এই ষড়যন্ত্রমুলক সংবাদ প্রকাশ করেন।

আমি প্রকাশিত সংবাদের প্রতিবাদে সংবাদ সম্মেলন করছি। সত্য ঘটনা এবং সত্য প্রকাশে আপনাদের সহযোগিতা কাম্য করছি।

গাংনীতে ছাত্রলীগের আনন্দ র্যালি ও সমাবেশ অনুষ্ঠিত

গাংনীতে ছাত্রলীগের উদ্যোগে ইফতার মাহফিল, পথ সভা ও আনন্দ মিছিল অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার সন্ধ্যায় ছাত্রলীগের উদ্যোগে উপজেলা পরিষদ চত্তরে ইফতার মাহফিলের আয়োজন করা হয়।

মেহেরপুর জেলা ছাত্রলীগের ৪জন নেতার বহিস্কারাদেশ প্রত্যাহার করায় ইফতার মাহফিল ও আনন্দ মিছিলের আয়োজন করা হয়।

গাংনী উপজেলা পরিষদ চত্ত্বর থেকে আনন্দ মিছিলটি বের হয়ে উপজেলা শহরের প্রধান প্রধান সড়কে প্রদক্ষিণ করে। পরে গাংনী বাসস্ট্যান্ডের শহীদ রেজাউল চত্বরে সংক্ষিপ্ত সমাবেশ অনুষ্ঠিত হয়।

সমাবেশে বক্তব্য রাখেন, গাংনী উপজেলা ছাত্রলীগের সাবেক সভাপতি তৌহিদুল ইসলাম, মেহেরপুর জেলা শাখা ছাত্রলীগের যুগ্ম সাধারণ সম্পাদক ইমরান হাবিব, মেহেরপুর জেলা শাখার সহ সভাপতি মাহমুদ হাসিব, গাংনী উপজেলা ছাত্রলীগের সাবেক যুগ্ন সাধারন সম্পাদক আল মোস্তাকিম প্রমুখ।

উল্লেখ্য, ২০২০ সালের নভেম্বর মাসে দলীয় শৃঙ্খলা ভঙ্গের অভিযোগ এনে মেহেরপুর জেলা শাখা ছাত্রলীগের যুগ্ম সাধারণ সম্পাদক ইমরান হাবিব, মেহেরপুর জেলা শাখার সহ সভাপতি মাহমুদ হাসিব, গাংনী উপজেলা ছাত্রলীগের সাবেক যুগ্ন সাধারন সম্পাদক আল মোস্তাকিম, কাথুলী ইউনিয়ন শাখার সাবেক সভাপতি মো. মানিককে কেন্দ্রীয় ছাত্রলীগ বহিস্কার করে।

দীর্ঘ দেড় বছর পর গত ৬ এপ্রিল, ২০২২ তারিখের প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে বাংলাদেশ ছাত্রলীগের কেন্দ্রীয় নির্বাহী সংসদের সভাপতি ও সম্পাদকের যৌথ স্বাক্ষরে উপরোক্ত নেতৃবৃন্দের বহিস্কারাদেশ প্রত্যাহার করা হয়।

কুষ্টিয়ায় ইউনিলিভারের “দোস্তি পার্টনার মিলন মেলা” অনুষ্ঠিত

কুষ্টিয়ায় ইউনিলিভার বাংলাদেশ লিমিটেড এর পক্ষ থেকে “দোস্তি পার্টনার মিলন মেলা” অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার বিকেলে শহরের খেয়া রেস্তোরাঁয় এ মিলন মেলা অনুষ্ঠিত হয়।

জেলার পাইকারি ব্যবসায়ীদের সমন্বয়ে এ মিলন মেলায় সভাপতিত্ব করেন

ইউনিলিভার বাংলাদেশ লিমিটেড এর কুষ্টিয়ার পরিবেশক মেসার্স গ্রীণ এন্টারপ্রাইজের স্বত্বাধিকারী অজয় সুরেকা।

ইউনিলিভারের বিভিন্ন পণ্যের গুনগত মান নিয়ে নানান বিষয়ে আলোচনা করেন ইউনিলিভার বাংলাদেশ লিমিটেড এর কুষ্টিয়া সেলসের এরিয়া টেরিটরি সেলস ম্যানেজার টিএম তানজিমুল হক ও এরিয়া সেলস ম্যানেজার আসিফ আলম বিপুল ও পরিবেশক রাজেশ সুরেকা প্রমুখ।

মিলনমেলা শেষে র্যাফেল ড্র ও পুরষ্কার বিতরণ অনুষ্ঠিত হয়। এরপর ইফতার ও দোয়া মাহফিল শেষে নৈশভোজে অংশ নেন ব্যবসায়ীরা।

নববর্ষ উদযাপন উপলক্ষে কুষ্টিয়ায় প্রস্তুতিমুলক সভা অনুষ্ঠিত

কুষ্টিয়ায় নববর্ষ উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার বেলা ১১ টায় জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে বিশিষ্টজনের অংশগ্রহনে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুষ্টিয়া জেলা প্রশাসক মোহাম্মদ সাইদুল ইসলাম।

বিশেষ অতিথি ছিলেন স্থানীয় সরকার বিভাগের উপ পরিচালক মৃনাল কান্তি দে, অতিরিক্ত জেলা ম্যাজিষ্ট্রেট মোছাঃ নাসরিন বানু, অতিরিক্ত জেলা প্রশাসক সার্বিক শারমিন আখতার, অতিরিক্ত জেলা প্রশাসক রাজস্ব সিরাজুল ইসলাম, কুষ্টিয়া প্রেসক্লাব কেপিসি ও সাংবাদিক ইউনিয়ন কুষ্টিয়ার সভাপতি আলহাজ্ব রাশেদুল ইসলাম বিপ্লব। এছাড়া প্যানেল মেয়র, জেলা সমাজ সেবা কর্মকর্তা সহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

প্রধান অতিথি তার গুরুত্বপূর্ণ বক্তব্য বলেন, পহেলা বৈশাখ বাঙালি জাতির জন্য ঐতিহ্য। মাহে রমজানের গুরুত্ব ও পবিত্রতা রক্ষা করতে হবে এবং আমাদের বাঙালি ঐতিহ্যবাহী দিনটি পালন করতে হবে। সকাল

সাড়ে আট টায় শোভাযাত্রা। স্কুলের শিক্ষার্থীদের জন্য কুইজ প্রতিযোগিতা সহ আরও অনেক ইভেন্ট শেষে পুরস্কার প্রদান করা হবে।

কুষ্টিয়ায় নকল লেবেল যুক্ত বিপুল পরিমাণ লুঙ্গিসহ আটক ১

কুষ্টিয়ার কুমারখালী কাপড়ের হাট থেকে বিভিন্ন কোম্পানির বিপুল পরিমাণ নকল লেবেলসহ একজনকে আটক করেছে সিআইডি পুলিশ।

বৃহস্পতিবার দুপুরে গোপন সংবাদের ভিত্তিতে ঐতিহ্যবাহী কুমারখালী কাপড়ের হাটের একটি দোকানে অভিযান চালায় সিআইডি।

সেখানে শাহ্ আমানত লুঙ্গীর নকল লেবেল বিক্রির সময় ব্যবসায়ী আরজুকে আটক করে সিআইডি পুলিশ। অভিযানে শাহ্ আমানত লুঙ্গিসহ বিভিন্ন কোম্পানির অন্তত ২০ হাজার নকল লেবেল পাওয়া যায় তার কাছে। এসব লেবেল সাধারণ কাপড়ের গায়ে লাগিয়ে ভোক্তাদের সঙ্গে দীর্ঘদিন ধরে প্রতারণা করে আসছে একটি চক্র।

অভিযান পরিচালনাকারী সিআইডি’র ইন্সপেক্টর হারুন অর রশীদ জানান, দীর্ঘদিন ধরে একটি চক্র নকল লেবেল লাগিয়ে ক্রেতাদের সাথে প্রতারণা করে আসছিল। এমন সংবাদের ভিত্তিতে তাঁরা এ অভিযান চালায়।

সিআইডি আরো জানায়, এই চক্রের সঙ্গে শুধু গ্রেপ্তারকৃত আরজু নয়; আরো অনেকেই জড়িত। এর সঙ্গে যে বা যারা জড়িত রয়েছে তাদেরকেও চিহ্নিত করে আইনের আওতায় আনা হবে বলে সিআইডির পক্ষ থেকে জানানো হয়েছে।

কুষ্টিয়ায় ফেনসিডিলসহ মাদক ব্যবসায়ী গ্রেফতার

কুষ্টিয়ায় র্যাবের অভিযানে ফেনসিডিলসহ এক মাদক ব্যবসায়ী গ্রেফতার হয়েছে। বৃহস্পতিবার দুপুরে প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে এ তথ্য জানিয়েছে র্যাব।

র্যাব জানান, কুষ্টিয়া র্যাব ক্যাম্পের একটি দল গত বুধবার রাত ৯টার সময় কুষ্টিয়া শহরের গোশালা রোডে একটি মাদক বিরোধী অভিযান পরিচালনা করে। অভিযানে ৮ বোতল ফেনসিডিল উদ্ধার করা হয়। যার আনুমানিক মূল্য ৮ হাজার টাকা।

এ সময় কুষ্টিয়া শহরের পশ্চিম মজমপুর এলাকার বাসিন্দা মো. আব্দুস সাত্তার মালিথার ছেলে মো. আসাদুজ্জামান (৩৮) কে গ্রেফতার করা হয়।

পরে গ্রেফতারকৃত মাদক ব্যবসায়ীকে কুষ্টিয়া সদর থানায় সোপর্দ করে মাদক আইনে একটি মামলা দায়ের করা হয়েছে।

কুষ্টিয়ার ভেড়ামারায় অটোরিকশার ধাক্কায় শিশু মৃত্যু

কুষ্টিয়ার ভেড়ামারায় অটোরিকশার ধাক্কায় শেফালী (৫) নামের এক কন্যা শিশুর মৃত্যু হয়েছে। বৃহস্পতিবার সকাল সাড়ে ৯টায় ভেড়ামারা উপজেলার চাঁদগ্রাম ইউনিয়নের চন্ডিপুর পশ্চিম পাড়ায় এ ঘটনা ঘটে।

নিহত শেফালী চন্ডিপুর পশ্চিম পাড়ার আরশেদ আলীর মেয়ে। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, চন্ডিপুর পশ্চিম পাড়ায় বাড়ির সামনের রাস্তায় মায়ের সাথে মেয়ে শেফালী দাঁড়িয়েছিল।

হঠাৎ সে মায়ের হাত থেকে ছুট দিয়ে দিয়ে রাস্তা পার হতে যায়। এমন সময় বিপরীত দিক থেকে আসা একটি অটোরিকশা তাকে স্বজোরে ধাক্কা দেয়। এসময় সড়কের উপর ছিটকে পড়ে শিশুটি। এতে সে গুরুত্বর আহত হয়।

পরে স্থানীয়রা উদ্ধার করে ভেড়ামারা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।
স্থানীয় ইউপি সদস্য মো. শান্তি বলেন, মায়ের হাত ধরে শেফালী দাঁড়িয়েছিল।

এক পর্যায়ে সে মায়ের হাত ছেড়ে ছুটে রাস্তার ওপর চলে যায়। সেসময় রাস্তা দিয়ে আসা অটোরিকশার ধাক্কা লেগে ছিটকে পড়ে শেফালী। শেফালীর মৃত্যুতে পরিবারসহ গোটা এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

বিষয়টি নিশ্চিত করে ভেড়ামারা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মজিবুর রহমান বলেন, পরিবারের পক্ষ থেকে কোনও অভিযোগ না থাকায় মরদেহ তাদের কাছে হস্তান্তর করা হয়েছে।

দৌলতপুরে কৃষকের মাঝে কম্বাইন্ড হার্ভেস্টার মেশিন বিতরণ

কুষ্টিয়ার দৌলতপুরে কৃষকদের মাঝে কৃষি-যন্ত্রপাতি বিতরণ করা হয়েছে। বৃহস্পতিবার দুপুরে উপজেলা পরিষদ কৃষি অফিস চত্বরে উপস্থিত কৃষকের মাঝে কৃষিযন্ত্র কম্বাইন্ড হার্ভেস্টার মেশিন বিতরণ করা হয়।

এসময় উপস্থিত ছিলেন, দৌলতপুর উপজেলা চেয়ারম্যান এ্যাড. এজাজ আহমেদ মামুন, ভাইস চেয়ারম্যান সাক্কির আহমেদ ও দৌলতপুর কৃষি কর্মকর্তা মো. নুরুল ইসলাম।

পরে দৌলতপুর উপজেলার হোগলবাড়িয়া ইউনিয়নের চরদিয়াড় গ্রামের কৃষক নাসির বিশ্বাসের হাতে কৃষিযন্ত্র কম্বাইন্ড হার্ভেস্টার মেশিনের চাবি তুলে দেন কৃষিযন্ত্রপাতি বিতরণ অনুষ্ঠানের প্রধান অতিথি

দৌলতপুর উপজেলা চেয়ারম্যান এ্যাড, এজাজ আহমেদ মামুন সহ অন্যান্য অতিথিবৃন্দ।

দৌলতপুর কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কৃষিযন্ত্রপাতি বিতরণ অনুষ্ঠানের আয়োজন করে।